



## কর্মশালায় বক্তারা ভুয়া সংবাদ ও ভুল তথ্য এখন বৈশ্বিক সমস্যা

কাজ প্রতিবেদক : ভুল তথ্য ও ভুয়া সংবাদ এখন বৈশ্বিক সমস্যা হিসেবে দেখা দিয়েছে। এটি মোকাবেলায় তথ্যের উৎস সম্পর্কে সঠিক ধারণা থাকতে হবে। রাষ্ট্রীয় আইনও এ ক্ষেত্রে সহায়ক হতে পারে। 'ভুল তথ্য ব্যবস্থাপনা : কল্পিত বা বানানো ঘটনা থেকে প্রকৃত তথ্যের মূল্যায়ন' শীর্ষক এক কর্মশালায় বক্তারা এ অভিমত তুলে ধরেন।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে এ কর্মশালার আয়োজন করে মার্কিন দূতাবাস ও মুক্ত ফাউন্ডেশন। মুক্তের সভাপতি ড. মঞ্জুর আহমেদ চৌধুরীর সভাপতিত্বে কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন মুক্তের প্রতিষ্ঠাতা ও সভাপতি সাইফুল হক। বিশেষ অতিথি হিসেবে ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম ও সম্মানিত অতিথি হিসেবে ভোরের কাগজ সম্পাদক শ্যামল দত্ত বক্তব্য রাখেন। কর্মশালা পরিচালনা করেন ওয়াশিংটন ডিসির নিউজিয়ামইডির ভাইস প্রেসিডেন্ট বারবারা ম্যাককরম্যাক। সমাপনী বক্তব্য দেন ঢাকায় মার্কিন দূতাবাসের পাবলিক অ্যাফেয়ার্স কর্মকর্তা নিকোলাস প্যাপ। কর্মশালায় বিশ্ববিদ্যালয় শিক্ষক, সাংবাদিক, ধর্মীয় নেতা, এনজিও প্রতিনিধি, বিভিন্ন দূতাবাসের কর্মকর্তা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেন।

মাহফুজ আনাম বলেন, অবাধ তথ্য প্রবাহের যুগে ভুল তথ্য আসতে পারে। তবে এ সম্পর্কে সতর্ক থাকতে হবে। তিনি বলেন, ভুল তথ্য নিয়ন্ত্রণের নামে এমন কিছু চাইব না, যা স্বাধীন সংবাদ প্রবাহের অধিকারকে বিন্দুমাত্র খর্ব করে।

শ্যামল দত্ত বলেন, ভুয়া তথ্য বা ভুল সংবাদ ছড়ানো বন্ধ করা বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তিনি এ সময় সোশ্যাল মিডিয়ায় ব্রান্ডপবাড়িয়ার নাসিরনগর ও রামুর ঘটনার কথা উল্লেখ করেন।

আলোচনা শেষে ভুল তথ্য ও ভুয়া সংবাদ চিহ্নিত করা এবং এ চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে ধারণা দেন মার্কিন বিশেষজ্ঞ বারবারা ম্যাককরম্যাক।



রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে গতকাল 'ভুল তথ্য ব্যবস্থাপনা : কল্পিত বা বানানো ঘটনা থেকে প্রকৃত তথ্যের মূল্যায়ন' শীর্ষক কর্মশালায় বক্তব্য রাখেন ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম